# B.A. 5th Semester (Honours) Examination, 2023 (CBCS)

## বিষয় : বাংলা (সাম্মানিক)

## Course : DSE-2

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৬০**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) 'কাল্পনিক সংবদল' কার লেখা? কোন ধরনের নাটক?

(খ) হরচন্দ্র ঘোষের দুটি অনুবাদ নাটকের নাম লেখো।

(গ) 'বিধবাবিবাহ নাটক' কার লেখা? নাটকটির প্রকাশকাল লেখো।

(ঘ) 'নবনাটক' কার রচনা? নাটকটি কোন থিয়েটারের জন্য রচিত হয়?

(ঙ) 'এমন কর্ম আর করব না' কার রচনা? এই রচনাটি দ্বিতীয় কোন নামে পরিচিত?

(চ) সাধারণ রঙ্গালয়ের যুগ বলতে কী বোঝায়?

(ছ) 'ভারতে যবন' এবং 'বঙ্গের সুখাবসান' নাটকদুটির রচয়িতাদের নাম লেখো।

(জ) 'সরলা' কোন জনপ্রিয় উপন্যাসের নাট্যরূপ? এই নাট্যরূপ কে দিয়েছিলেন?

(ঝ) বাংলা উপন্যাসে 'বঙ্কিমযুগ' বলতে কী বোঝায়?

(ঞ) রবীন্দ্রনাথের কোন উপন্যাসে দেবমন্দিরে পশুবলির বিরোধিতা আছে? এই উপন্যাসটি নিয়ে রবীন্দ্রনাথ তাঁর কোন নাটক লিখেছিলেন?

(ট) 'মডেল ভগিনী' এবং 'ফুলজানি' উপন্যাস দুটির রচয়িতা কারা?

(ঠ) বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল? পত্রিকাটির সম্পাদক কে ছিলেন?

(ড) ভীলদের বিদ্রোহ নিয়ে উনিশ শতকের কোন ঐতিহাসিক উপন্যাস রচিত হয়? রচয়িতা কে? প্রকাশকাল কত?

(ঢ) 'রামেশ্বরের অদৃষ্ট' এবং 'দামিনী' কোন ধরনের রচনা? কার রচনা?

(ণ) সার্থক ছোটোগল্প রচনার আগে রবীন্দ্রনাথ যে-চারটি গল্প লিখেছিলেন, তাদের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

(ক) উপেন্দ্রনাথ দাসের নাটকগুলির বৈশিষ্ট্য সংক্ষেপে উল্লেখ করো।

(খ) প্রতিবাদী নাটক রচনায় মীর মশাররফ হোসেনের অবদান ব্যাখ্যা করো।

(গ) বাংলা নাটকের বিবর্তনে মনোমোহন বসুর অবস্থান বুঝিয়ে দাও।

(ঘ) ঔপন্যাসিক হিসেবে তারকনাথ গঙ্গোপাধ্যায়ের স্বাতন্ত্র্য ব্যাখ্যা করো।

(ঙ) প্রাক্-বঙ্কিম পর্বে উপন্যাস রচনার প্রয়াসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(চ) ছোটোগল্পকার হিসেবে স্বর্ণকুমারী দেবীর মূল্যায়ন করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ২×১০=২০

(ক) আধুনিক বাংলা নাটকের রূপকার হিসেবে মধুসূদন দত্তের সাফল্য-ব্যর্থতা নিরূপণ করো।

*অথবা*

পৌরাণিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের ভূমিকা আলোচনা করো।

(খ) ইতিহাসাশ্রিত উপন্যাস রচনায় বঙ্কিমচন্দ্রের কৃতিত্ব বুঝিয়ে দাও।

*অথবা*

রবীন্দ্র ছোটোগল্পের প্রথম যুগের প্রবণতাগুলি চিহ্নিত করে ব্যাখ্যা করো।

---